



# ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA- 700019

CLASS – I TERM – SECOND SUBJECT- BENGALI ANSWER WORKSHEET – 7 DATE – 13.05.2020

## Topic – ক্ষান্তবুড়ি ( কবিতা ) ও অনুচ্ছেদ রচনা

১) মানে লেখো:

- ক) ডালনা - এক রকমের তরকারি।  
খ) ছাঁচিপান - এক জাতীয় পান।  
গ) লোহা সিন্দুক - লোহার তৈরি টাকা রাখার বড় বাস্তু।

২) কবিতা থেকে কথা নিয়ে খালি ঘরে লেখো:

- ক) ক্ষান্তবুড়ির দিদিশাশুড়ির  
পাঁচবোন থাকে কাল্নায়।  
খ) শাড়িগুলো তারা উনুনে বিছায়  
হাঁড়িগুলো রাখে আলনায়।  
গ) নুন দিয়ে তারা ছাঁচিপান সাজে,  
চুন দেয় তারা ডালনায়।

৩) বাক্য রচনা করো:

- ক) জানলা - আমাদের বাড়ির জানলায় একটি বাবুই পাখির বাসা আছে।  
খ) ডালনা - আমার ঠাকুমা খুব ভালো ডালনা তৈরি করেন।  
গ) নুন - বেশী নুন খাওয়া আমাদের শরীরের জন্য ভালো নয়।  
ঘ) ছাঁচিপান - আমার দিদিমা ছাঁচিপান খেতে ভালোবাসেন।

৪) সাজিয়ে লেখো:

- ক) কড়িগুলোটাকা - টাকাকড়িগুলো  
খ) নালডা - ডালনা  
গ) কন্দুসি - সিন্দুক  
ঘ) পানছাঁচি - ছাঁচিপান

৫) উত্তর লেখো:

- ক) বোনেরা কী দিয়ে ছাঁচিপান সাজে?  
উঃ- বোনেরা নুন দিয়ে ছাঁচিপান সাজে।  
খ) তারা টাকাকড়িগুলো কোথায়, কেন রাখে?  
উঃ- তারা টাকাকড়িগুলো জানলায়, হাওয়া খাবে বলে রাখে।  
গ) বোনেরা সিন্দুকের ভয়ে কোথায় থাকে?  
উঃ- বোনেরা সিন্দুকের ভয়ে লোহার সিন্দুকের মধ্যে থাকে।  
ঘ) ক্ষান্তবুড়ি কবিতাটি কার লেখা?  
উঃ- ক্ষান্তবুড়ি কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা।

ঙ) ক্ষান্তবুড়ি কবিতার শুরুর চারটি লাইন লেখ।

উঃ ক্ষান্তবুড়ির দিদিশাশুড়ির  
পাঁচবোন থাকে কালনায়।  
শাড়িগুলো তারা উনুনে বিছায়  
হাঁড়িগুলো রাখে আলনায়।

৬) অনুচ্ছেদ রচনা করো। ( ৫ টি বাক্যে ) । বিষয় – বিড়াল।

উঃ বিড়াল

বিড়াল একটি গৃহপালিত পশু। এদের চারটি পা, দুটি কান ও একটি লেজ আছে।বিড়াল  
দুধ ও মাছ খেতে খুব ভালোবাসে। এদের গায়ের রঙ সাধারণত সাদা ও কালো হয়। এরা হাঁদুর  
খেয়ে আমাদের বাড়ির অনেক উপকার করে।